

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৪.০০১১.২৫. ১৫৭৫

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

## অফিস আদেশ

উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল কর্তৃক বিগত ২৩.০৮.২০২৬ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.৫৮০০.০০০.০০৪৪.০০.০০২.২০২৪. ৯২৪নং স্মারকমূলে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে শ্রীমঙ্গল উপজেলাধীন মৌলভীবাজার রোডস্থ রাবার ফ্যাক্টরি সংলগ্ন জাগছড়া নামক স্থানে অবৈধভাবে উত্তোলিত প্রায় ১০০০ (এক হাজার) ঘনফুট বালু এবং ২৩.০৮.২০২৬ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.৫৮০০.০০০.০০৪৪.০০.০০২.২০২৪.৯২৫নং স্মারকমূলে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে শ্রীমঙ্গল উপজেলাধীন কালাপুর ইউনিয়নের সিরাজনগর-লামুয়া নামক স্থানে অবৈধভাবে উত্তোলিত প্রায় ৬৫০/- (ছয়শত পঞ্চাশ) ঘনফুট বালুসহ মোট ১,৬৫০ (এক হাজার ছয়শত পঞ্চাশ) ঘনফুট জব্দকৃত বালু নিলামে বিক্রয় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল | : | আহ্বায়ক |
| ০২ | উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল | : | সদস্য |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মৌলভীবাজার এর প্রতিনিধি | : | সদস্য |
| ০৪ | সহকারী কমিশনার (ভূমি), শ্রীমঙ্গল | : | সদস্য সচিব |

**শর্তাবলি:**

ক) বর্তমান বাজার দর ও সরেজমিন অবস্থা বিবেচনায় নিয়ে বালু/মাটির ভিত্তিমূল্য নির্ধারণ করতে হবে;
খ) নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের পর ব্যাপক প্রচারের মাধ্যমে উক্ত বালু/মাটি নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
গ) নিলাম কমিটির সদস্যদের উপস্থিতিতে স্পট নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
ঘ) নিলাম গ্রহীতাকে দখলদেহী বুঝিয়ে দেওয়ার পূর্বে নিলাম মূল্য, ১০% আয়কর এবং ১৫% ভ্যাট আদায়পূর্বক নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে;
ঙ) বালু/মাটির দখলদেহী পাওয়ার ২০ (বিশ) দিনের মধ্যে বালু/মাটি অপসারণ করতে হবে;
চ) নিলাম সংক্রান্ত যাবতীয় কার্যক্রম শেষে (মূল্য নির্ধারণ পদ্ধতি, নিলাম প্রক্রিয়ার যাবতীয় কাগজাদি, চালানের কপিসহ) এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে;
ছ) নিলাম কমিটি প্রয়োজনে নিলামের যেকোন শর্ত সংযোজন করতে পারবে।

এ বিষয়ে জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০৩/০৯/২৬
(মোঃ আকিব উল্লাহ)
পরিচিতি নম্বর: ৪১০০২৬৫
রেভিনিউ ডেপুটি কালেক্টর (রুটিন দায়িত্ব)
ফোন নম্বর-০২৪১১১০৩৯৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১৪.০০১১.২৫. ১৫৭৫

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল
২. নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মৌলভীবাজার [নিলামের প্রক্রিয়ায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো]
৩. সহকারী কমিশনার (ভূমি), শ্রীমঙ্গল
৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)
৫. উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল
৬. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. অফিস কপি

০৩/০৯/২৬
(মোঃ আকিব উল্লাহ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর (রুটিন দায়িত্ব)

CS CamScanner